প্রকাশক - ২'৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উন্নত প্রযুক্তিনির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ (১ম সংশোধিত) প্রকল্প
পাট অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
৯৯, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

মুজিব শতবর্ষ MUJIB 100

স্মারক নম্বর- ২৪.০১.০০০০.০০৯.০৬.০২১.১৯(অংশ-১)- ২৪৭৭

তারিখ : ১৯ অগ্রহায়ণ, ১৪৩০ বঙ্গাব্দ
০৩ ডিসেম্বর, ২০২৩ খ্রি:

সভার বিজ্ঞপ্তি

পাট অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "উন্নত প্রযুক্তিনির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের'' প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভা আগামী ১১ ডিসেম্বর ২০২৩ খ্রি: তারিখ রোজ সোমবার সকাল ১১:০০ ঘটিকায় মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে পাট অধিদপ্তরের সভাকক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় প্রকল্প বাস্তবায়ন কমিটির সম্মানিত সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিনীত অনুরোধ করা হলো।

জুম লিংক:-

Meeting ID: 509 623 9772
Passcode : 123456

সভার আলোচ্য সূচি:

(ক) গত ০৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রি: তারিখে অনুষ্ঠিত পিআইসি সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ।
(খ) বিগত পিআইসি সভার সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা।
(গ) ২০২২-২৩ অর্থবছরে প্রকল্পের মাধ্যমে চূড়ান্ত অর্জনসমূহ পর্যালোচনা।
(ঘ) প্রকল্পের ২০২৩-২৪ অর্থবছরের ক্রমপুঞ্জিত অগ্রগতি পর্যালোচনা।
(ঙ) বিবিধ।

০৪.১২.২০২৩
দীপক কুমার সরকার
(অতিরিক্ত সচিব)
পাট অধিদপ্তর, ঢাকা-১০০০।
ফোন: ০২-২২৩৩৮১৫৩৭

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃ:আ: উপসচিব বাজেট-১৪)।
২। সচিব, পরিকল্পনা বিভাগ, শের-ই- বাংলা নগর, ঢাকা। (দৃ:আ: প্রধান, এনইসি একনেক ও সমন্বয় অনুবিভাগ)।
৩। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের -ই- বাংলা নগর, ঢাকা।
(একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৪। সদস্য, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের -ই- বাংলা নগর, ঢাকা।
(একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৫। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই- বাংলা নগর, ঢাকা।
(একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৬। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
(উপপরিচালক, পাটবীজ, ডিএই, ঢাকা কে পিআইসি সভায় প্রেরণের অনুরোধ সহ)।
৭। মহাপরিচালক, বিজেআরআই, ঢাকা।
(ড. মো: আল মামুন, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রজনন বিভাগ, বিজেআরআই,ঢাকা কে পিআইসি সভায় প্রেরণের অনুরোধ সহ )।
৮। চেয়ারম্যান, বিএডিসি, ঢাকা।
(ড. মো: রফিকুল ইসলাম, ব্যবস্থাপক, পাটবীজ, বিএডিসি, ঢাকা কে পিআইসি সভায় প্রেরণের অনুরোধ সহ)।
৯। অতিরিক্ত সচিব (পরিকল্পনা), পরিকল্পনা অনুবিভাগ, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
১০। উপপরিচালক (দক্ষতামান), জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ), আগারগাঁও, শের-ই- বাংলা নগর, ঢাকা।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে:

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। উপ-সহকারী প্রকৌশলী, পাট অধিদপ্তর, ঢাকা (সভাকক্ষটি প্রস্তুত রাখার জন্য)।
০৩। মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন অফিসার-১ কে জুম লিংকে সংযুক্ত হওয়ার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের অনুরোধ সহ।
০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পাট অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৫। হিসাব শাখা, উন্নত প্রযুক্তিনির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ (১ম সংশোধিত) প্রকল্প, পাট অধিদপ্তর, ঢাকা।
(সভায় ১৫ জনের আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য)
০৬। অফিস কপি।

F:\আবু হায়াত মোহাম্মদ তারেক\পিআইসি মিটিং.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উন্নত প্রযুক্তিনির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ ( ১ম সংশোধিত ) শীর্ষক প্রকল্প
পাট অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
৯৯, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

স্মারক নম্বর- ২৪.০১.০০০০.০০৯.০৬.০২১.১৯(অংশ-১)-২৫০১

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
১৪ ডিসেম্বর ২০২৩ খ্রি:

**বিষয় : উন্নত প্রযুক্তিনির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের ' প্রকল্প বাস্তবায়ন কমিটি'র (পিআইসি) সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. সেলিনা আক্তার<br>মহাপরিচালক, (অতিরিক্ত সচিব) পাট অধিদপ্তর, ঢাকা। |
| সভার তারিখ | : | ১১ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ। |
| সময় | : | সকাল ১১:০০ ঘটিকা। |
| স্থান | : | সভাকক্ষ, পাট অধিদপ্তর। |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে "উন্নত প্রযুক্তি নির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের' প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভার কাজ শুরু করেন। সভায় মহাপরিচালক পাট অধিদপ্তর ও সভাপতি প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) প্রকল্পের অগ্রগতি ত্বরান্বিত করার উপর গুরুত্ব আরোপ করেন। অতঃপর কার্যপত্র অনুযায়ী সভাপতি আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ করেন। প্রকল্প পরিচালক সভায় আলোচ্য বিষয়সমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

**২.০ আলোচনা:**

**২.১ কার্যবিবরণী দৃঢ়ীকরণ:**

প্রকল্প পরিচালক গত ০৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রি: তারিখে অনুষ্ঠিত পিআইসি সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কোন সংশোধনী না থাকায় তা অনুমোদন ও দৃঢ়ীকরণ করার জন্য অনুরোধ জানান। কোন সংশোধনী ছাড়াই বিগত সভার কার্যবিবরনী অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়।

**২.২ বিগত সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি:**

| সিদ্ধান্ত | বাস্তব অগ্রগতি |
|---|---|
| (ক) পাট ও পাটবীজ উৎপাদনকারী চাষী প্রশিক্ষণে প্রকৃত পাট চাষী প্রশিক্ষণ, প্রশিক্ষণ ভাতা, প্রশিক্ষণ সরঞ্জামাদি ইত্যাদি ঠিক মত পাচ্ছেন কিনা এ বিষয়ে মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে এবং ২০২৩-২৪ অর্থবছরের পাটচাষী প্রশিক্ষণে মন্ত্রণালয়, অধিদপ্তর এবং প্রকল্পের কর্মকর্তাবৃন্দ মনিটরিং কর্মকর্তা হিসেবে পরিবীক্ষণ করবেন। | (ক) নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। দ্বিতীয় পর্যায়ের চাষী প্রশিক্ষণের মনিটরিং কর্মকর্তা মনোনয়নের জন্য মন্ত্রণালয় ও অধিদপ্তরকে জানিয়ে পত্র দেওয়া হয়েছে এবং চাষী প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। |
| (খ) পাট উৎপাদনকারী চাষীকে পাট পঁচন সহায়তা করার জন্য প্রয়োজনীয়তার নিরিখে উপযুক্ত চাষীর তালিকা আরডিপিপিতে বর্ণিত নিয়ম অনুযায়ী প্রণয়ন করতে হবে এবং পাট পঁচনের জন্য চাহিদা অনুযায়ী কৃষি ভর্তুকির মাধ্যমে পাটচাষীর জমিতে অগভীর গর্ত খনন করে পানি সেচের মাধ্যমে পাটচাষীকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করার পদক্ষেপ গ্রহণ করতে হবে। | (খ) ২০২৩-২৪ অর্থবছরে পাট উৎপাদনকারী চাষীকে পাট পঁচন সহায়তা করার জন্য প্রয়োজনীয়তার নিরিখে ফরিদপুর জেলার ৯ টি উপজেলায় মোট ৮,৪৯,৬০০/- টাকা , ঝিনাইদহ জেলার ৬ টি উপজেলায় মোট ১,৪১,৬০০/-, রাজশাহী জেলার ২ টি উপজেলায় মোট ৪৭,২০০/- এবং চাঁপাইনবাবগঞ্জ জেলার ২ টি উপজেলায় মোট ৪৭,২০০/- সর্বমোট ১০,৮৫,৬০০/- বরাদ্দ প্রদান করা হয়েছে। বর্ণিত উপজেলা সমূহে সফল ভাবে পাইলট কর্মসূচি সম্পন্ন করা হয়েছে। এ পদ্ধতিতে পাটের আঁশের রং অনেক পরিষ্কার হয়েছে। |
| (গ) আরডিপিপি'র সংস্থান অনুযায়ী তালিকাভুক্ত পাট ও পাটবীজ উৎপাদনকারী প্রকৃত চাষীকে সঠিক সময়ে সরকারি সহায়তা যেমন- বিনামূল্যে উফশী পাটবীজ, রাসায়নিক সার, কীটনাশক এবং পাটচাষীকে প্রশিক্ষণ প্রদান করার নিমিত্তে প্রধান কার্যালয় হতে সরবরাহকৃত পাটচাষী কার্ডে কৃষকের সকল তথ্য সন্নিবেশ আছে কিনা তা তদারকি করতে হবে। | (গ) প্রধান কার্যালয় হতে সরবরাহকৃত পাটচাষী কার্ডে কৃষকের সকল তথ্য সন্নিবেশ আছে কিনা তা কর্মকর্তাদের মাঠ পর্যায়ে পরিদর্শন কালীন তদারকী করা হচ্ছে এবং কোন অসংগতি পাওয়া গেলে সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে এ বিষয়টি সংশোধনের পরামর্শ দেওয়া হচ্ছে। |

| | |
|---|---|
| (ঘ) প্রত্যায়িত পাটবীজ শোধন করে পাট অধিদপ্তরকে সরবরাহ করার জন্য বিএডিসিকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করতে হবে। | (ঘ) বিএডিসিকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হয়েছে। |
| (ঙ) পাট উন্নয়ন কর্মকর্তা এবং উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা কার্যালয়ের নথি ব্যবস্থাপনা, রেজিষ্ট্রার মেইনটেইন, প্রধান কার্যালয়ের অফিস আদেশ, নির্দেশনা ও অন্যান্য ডকুমেন্টস ঠিক মত সংরক্ষণ হচ্ছে কিনা তা তদারকি করতে হবে এবং মাঠ পর্যায়ে প্রকল্পের সার্বিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের নিমিত্তে প্রকল্প পরিচালক, সহকারী প্রকল্প পরিচালকগণকে নিয়মিত মাঠ ও অফিস পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | (ঙ) নির্দেশনা অনুযায়ী নিয়মিত অফিস ও মাঠ পরিদর্শন করা হচ্ছে। মাঠ পর্যায়ে পরিদর্শন কালে এ বিষয় সমূহ দেখা হচ্ছে। কিছু ত্রুটি-বিচ্যুতি পরিলক্ষিত হলে তৎক্ষনাৎ ব্যবস্থা নেয়ার নির্দেশনা দেওয়া হচ্ছে। |
| (চ) পাট উৎপাদন মৌসুমে কৃষকদেরকে আর্থিক ক্ষতির হাত থেকে রক্ষার জন্য কাঁচা পাটের মূল্য নির্ধারণ করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে। এক্ষেত্রে পাট আইন- ২০১৭ অনুযায়ী দায়িত্ব প্রাপ্ত সংস্থা এ উদ্যোগ গ্রহণ করতে পারে। | (চ) পাট আইন- ২০২৭ অনুযায়ী পাট চাষীদেরকে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে বেশি বেশি মত বিনিময় সভা ও প্রশিক্ষণের মাধ্যমে সচেতন করা যেতে পারে। |

**২.৩ বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সূচকে হালনাগাদ অগ্রগতি:**

| | | লক্ষ্যমাত্রা | অর্জন |
|---|---|---|---|
| (ক) | ২০২৩-২৪ অর্থবছরে পাট ও নাবী পাটবীজ উৎপাদনকারী চাষী প্রশিক্ষণ বাস্তবায়ন | (ক) ২৪,৫০০ জন | (ক) নভেম্বর ২০২৩ খ্রি: পর্যন্ত ১১,৪০৬ জন চাষীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং অবশিষ্ট ১৩,০৯৪ জন চাষী প্রশিক্ষণ চলমান রয়েছে। |
| (খ) | পাটবীজ উৎপাদন | (খ) পাটবীজ উৎপাদনের প্রাথমিক লক্ষ্যমাত্রা ছিল ৭৫০ মে:টন। কিন্তু ৯ মে:টন ভিত্তি পাটবীজের চাহিদার বিপরীতে বিএডিসি ১.৮৭১ মে:টন (১৮৭১ কেজি) ভিত্তি পাটবীজ সরবরাহ করেছে। এ কারণে পাটবীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা সংশোধন করে ১৩০ মে:টন নির্ধারণ করা হয়েছে। | (খ) বর্তমান ২০২৩-২৪ অর্থবছরে প্রত্যায়িত পাটবীজ উৎপাদন কার্যক্রম মাঠ পর্যায়ে চলমান রয়েছে। |
| (গ) | পাট উৎপাদন | (গ) ২০২৩-২৪ অর্থবছরে পাট উৎপাদনের লক্ষ্যমাত্রা ছিল ১৪ লক্ষ বেল। | (গ) ২০২৩-২৪ অর্থবছরে ১৪.৩৬ লক্ষ বেল পাট উৎপাদন হয়েছে। |

**২.৪ প্রকল্পের ক্রমপুঞ্জিত অগ্রগতি:**

প্রকল্পের শুরু থেকে নভেম্বর ২০২৩ খ্রি: পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ১৭১৪২.৯৯৪ কোটি টাকা। নভেম্বর ২০২৩ খ্রি: পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয়ের হার ৪৫.৯৩% নভেম্বর ২০২৩ খ্রি: পর্যন্ত ক্রমপুঞ্জিত বাস্তব অগ্রগতি ৫৭%। চলতি ২০২৩-২৪ অর্থবছরে নভেম্বর ২০২৩ ইং পর্যন্ত আর্থিক অগ্রগতি ৩১.৪৮% (ছাড়কৃত অর্থের) এবং বাস্তব অগ্রগতি ২০%।

**২.৫ ২০২৩-২৪ অর্থবছরের পাট ও পাটবীজ উৎপাদন সংগ্রহ বিতরণ ও চাষী প্রশিক্ষণ বাস্তবায়ন:**

২০২৩-২৪ অর্থবছরে বিএডিসি হতে ৯ মে.টন প্রত্যায়িত পাটবীজের পরিবর্তে মাত্র ১.৮৭১ মে.টন (১৮৭১ কেজি) ভিত্তি পাটবীজ বরাদ্দ পাওয়ার কারণে ১৭ টি জেলার ৫০ উপজেলায় ভিত্তি পাটবীজ উৎপাদনের জন্য ৭,৪৮৪ জন চাষীকে (চাষী প্রতি ১০ শতাংশ জমির জন্য) ১,৮৭১ কেজি ভিত্তি পাটবীজ এবং আরডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রয়োজনীয় রাসায়নিক সার ও কীটনাশক ক্রয়ের বরাদ্দ মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়েছে এবং চাষীরা তা পেয়ে প্রত্যায়িত পাটবীজ উৎপাদন কার্যক্রম চলমান রেখেছে। প্রত্যায়িত পাটবীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১৩০ মে:টন।

চলতি ২০২৩-২৪ অর্থবছরে চাষী পর্যায়ে পাট আঁশ উৎপাদনের জন্য বিএডিসি থেকে ৫০০ মে:টন প্রত্যায়িত পাটবীজ এবং কৃষকের কাছ থেকে ৮০ মে:টন টিএলএস পাটবীজ ক্রয়পূর্বক মোট ৫৮০ মে:টন পাটবীজ দেশের ৪৫ টি জেলার ২২৮ টি উপজেলায় সরবরাহ করা হবে।

২০২৩-২৪ অর্থবছরে এপিএ'র লক্ষ্যমাত্রা অনুযায়ী ২৪,৫০০ জন চাষী প্রশিক্ষণার্থীর মধ্যে নভেম্বর ২০২৩ খ্রি: পর্যন্ত ১১,৪০৬ জন চাষীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে, অবশিষ্ট ১৩,০৯৪ জন চাষীর প্রশিক্ষণ চলমান রয়েছে।

**২.৬ প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা বৃদ্ধিকরণ:**

প্রশিক্ষণ সংক্রান্ত গত অর্থবছরের পরিপত্র অনুযায়ী (৫০% ব্যয়) বিবেচনা করে এ বছর চাষী প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ২৪,৫০০ জন নির্ধারণ করা হয়েছে কিন্তু এখন পর্যন্ত প্রশিক্ষণ সংক্রান্ত ব্যয়ের বিধি নিষেধ আরোপ না হওয়ায় ২০২৩-২৪ অর্থবছরের বরাদ্দকৃত অর্থ দিয়ে অতিরিক্ত ২১,৮৫০ জন চাষীকে প্রশিক্ষণ প্রদান করার উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।

**২.৭ বিবিধ আলোচনা:**

সভায় প্রকল্প পরিচালক জানান যে, এ অর্থবছরে ৯ মে:টন ভিত্তি পাটবীজের চাহিদার বিপরীতে বিএডিসি মাত্র ১.৮৭ মে:টনা ভিত্তি পাটবীজ সরবরাহ করতে পেরেছে। যেহেতু বিএডিসি একমাত্র পাটবীজ সরবরাহকারী প্রতিষ্ঠান, সেহেতু অন্য কোন জায়গা থেকে পাটবীজ আনার কোন সুযোগ নেই। চাষী পর্যায়ে ২০২৩-২৪ অর্থবছরে ১৩০ মে:টন ভিত্তি পাটবীজ উৎপাদন হবে বলে আশা করা যায়। চলতি ২০২৩-২৪ অর্থবছরে পাটবীজ উৎপাদনকারী চাষী কর্তৃক উৎপাদিত ৮০ মে:টন পাটবীজ ক্রয়ের পরিকল্পনা রয়েছে। উপরন্ত প্রত্যায়িত পাটবীজ শোধন করে চাষী পর্যায়ে বিতরণের উদ্যোগ নেয়া হয়েছে। তবে প্রকল্পের মাধ্যমে পাটবীজ উৎপাদন কম হলেও বিএডিসি থেকে ৫০০ মে:টন প্রত্যায়িত পাটবীজ ক্রয় করার সিদ্ধান্ত রয়েছে। বিধায় আগামী ২০২৩-২৪ অর্থবছরে প্রকল্পের পাট উৎপাদন কার্যক্রম ব্যহত হবে না।

সভায় জুম লিংকে সংযুক্ত থেকে পরিচালক (যুগ্ম-সচিব) আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় জানান যে, পাটচাষীর প্রশিক্ষণ সার, বীজ ও কীটনাশক বিতরণ বাস্তবভিত্তিক হতে হবে এবং সঠিক প্রমাণক সংরক্ষণ করতে হবে। পাটবীজের আমদানি নির্ভরতা কমাতে বিজেআরআই কর্তৃক উদ্ভাবিত পাটবীজের ব্যবহার বাড়ানো যেতে পারে।

পরবর্তীতে উপপ্রধান (শিল্প ও শক্তি বিভাগ), পরিকল্পনা মন্ত্রণালয় জানান যে, পাটচাষী প্রশিক্ষণে পরিকল্পনা কমিশনের কর্মকর্তাদেরকে সম্পৃক্ত করা সহ আরডিপিপি অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনার জন্য মত ব্যক্ত করেন।

বাংলাদেশ পাট গবেষণা ইন্সটিটিউট, ঢাকা এর প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা সভায় জানান যে, পরীক্ষামূলকভাবে (ও- ৯৮৯৭) জাতের পাটবীজের পরিবর্তে তোষাপাট- ৯ নামে নতুন জাত উদ্ভাবন করা হয়েছে, যা পরীক্ষামূলক ভাবে (ও- ৯৮৯৭) জাতের পাটবীজের পরিবর্তে তোষাপাট -৯ জাত চাষাবাদে চাষীরা অধিক লাভবান হবেন কারন এই পাট ১১০ দিনে কাটা যায়। বাংলাদেশের দক্ষিণাঞ্চলে খুলনা জেলার দাকোপ, বটিয়াঘাটা, পটুয়াখালী জেলার খেপুপাড়া, মির্জাগঞ্জ ইত্যাদি অঞ্চলে লবণ সহিষ্ণু জাতের পাট এবং কিশোরগঞ্জ জেলার হাওর এলাকায় কেনাফ জাতীয় পাট চাষ করা যেতে পারে।

ব্যবস্থাপক (পাটবীজ), বিএডিসি, ঢাকা সভায় জানান যে, আগে থেকেই পাট অধিদপ্তর চাহিত পাটবীজের পরিমাণ উল্লেখ করে বিএডিসিকে জানালে সে মতে তারা প্রয়োজনীয় পাটবীজ সরবরাহ করতে পারবে। আগামী জানুয়ারি ২০২৪ খ্রি: মাসে আউশ ও পাটবীজ সংক্রান্ত সভা বিএডিসি সদর দপ্তরে অনুষ্ঠিত হবে।

ডিএই এর উপপরিচালক (পাট উৎপাদন ও বাজারজাত করণ) সভায় জানান যে, পাটচাষীর তালিকা প্রণয়ন, পাট ও বীজ উৎপাদন এবং প্রশিক্ষণ সংক্রান্ত কাজে সংশ্লিষ্ট ডিএই'র জেলা ও উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তাদের সাথে নিবিড় সম্পর্ক রাখা যেতে পারে। বাংলাদেশে ৭,৪৫,০০০ একর জমিতে পাটের আবাদ হয়ে থাকে। কৃষক যে ফসল চাষ করে লাভবান হয় সে ফসল চাষাবাদ করে থাকে।

**২.৮ সিদ্ধান্ত :-**

(১) অফিস ও মাঠ পরিদর্শন কালে সংশ্লিষ্ট কর্মকর্তাকে পরিদর্শনকৃত অফিস ও মাঠের সমস্যা, প্রতিকার এবং সমাধানের উপায় সম্বলিত সুপারিশ প্রতিবেদন আকারে দাখিল করতে হবে।

(২) প্রকল্পের আওতাধীন জেলা/ উপজেলা পর্যায়ে সঠিক সময়ে মাঠ দিবস ও চাষী সমাবেশের আয়োজন করতে হবে এবং পাট ও পাটবীজ উৎপাদন প্লটে বড় রাস্তার পাশে দৃশ্যমান হয় এমন জায়গায় প্রকল্পের সাইন বোর্ড লাগাতে হবে।

(৩) পাট ও পাটবীজ উৎপাদনকারী চাষী প্রশিক্ষণে প্রকৃত পাট চাষী প্রশিক্ষণ, প্রশিক্ষণ ভাতা, প্রশিক্ষণ সরঞ্জামাদি ইত্যাদি ঠিকমত পাচ্ছেন কিনা এ বিষয়ে মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে এবং ২০২৩-২৪ অর্থবছরের পাট চাষী প্রশিক্ষণে মন্ত্রণালয়, অধিদপ্তর এবং প্রকল্পের কর্মকর্তাবৃন্দ মনিটরিং কর্মকর্তা হিসেবে পরিবীক্ষণ করবেন।

(৪) ২০২৩-২৪ অর্থবছরে প্রশিক্ষণের বরাদ্দকৃত অর্থ দিয়ে অর্থ বিভাগের পরিপত্র অনুসরণ করে এবং ডিপিপি'র সংস্থানের মধ্যে যতটুকু সম্ভব ততজন চাষীকে প্রশিক্ষণ প্রদান করার উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।

(৫) ২০২৩-২৪ অর্থবছরে চাষী কর্তৃক উৎপাদিত পাটবীজ আরডিপিপি'র সংস্থান অনুযায়ী সঠিক সময়ে কৃষকদের নিকট থেকে ক্রয় করতে হবে এবং দ্রুততার সাথে বিল দাখিল করে তা পরিশোধ করতে হবে।

(৬) আরডিপিপি'র সংস্থান অনুযায়ী তালিকাভূক্ত পাট ও পাটবীজ উৎপাদনকারী প্রকৃত চাষীকে সঠিক সময়ে সরকারি সহায়তা যেমন- বিনামূল্যে উফশী পাটবীজ, রাসায়নিক সার, কীটনাশক এবং পাটচাষীকে প্রশিক্ষণ প্রদান করার নিমিত্তে প্রধান কার্যালয় হতে সরবরাহকৃত পাটচাষী কার্ডে কৃষকের সকল তথ্য সন্নিবেশ আছে কিনা তা তদারকি করতে হবে।

(৭) পাট উন্নয়ন কর্মকর্তা এবং উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে নথি ব্যবস্থাপনা, রেজিস্ট্রার মেইনটেইন, প্রধান কার্যালয় অফিস আদেশ, নির্দেশনা ও অন্যান্য ডকুমেন্টস ঠিক মত সংরক্ষণ হচ্ছে কিনা তা তদারকি করতে হবে এবং মাঠ পর্যায়ে প্রকল্পের সার্বিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের নিমিত্তে প্রকল্প পরিচালক, সহকারী প্রকল্প পরিচালকগণকে নিয়মিত মাঠ ও অফিস পরিদর্শন অব্যাহত রাখতে হবে।

(৮) পাট উৎপাদন মৌসুমে কৃষকদেরকে আর্থিক ক্ষতির হাত থেকে রক্ষার জন্য কাঁচা পাটের মূল্য নির্ধারন করার নিমিত্তে পাট আইন-২০১৭ অনুযায়ী ডিএই, বিজেআরআই, বিএডিসি এবং পাট অধিদপ্তর যৌথভাবে আলোচনার মাধ্যমে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে পারে।

(৯) কৃষি মন্ত্রণালয়ের সীড প্রমোশন কমিটিতে পাট অধিদপ্তরের প্রতিনিধি অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উদ্যোগ নেয়া যেতে পারে।

(১০) পাট উৎপাদনকারী চাষীকে পাট পঁচন সহায়তা করার জন্য প্রয়োজনীয়তার নিরিখে উপযুক্ত চাষীর তালিকা আরডিপিপিতে বর্ণিত নিয়ম অনুযায়ী প্রণয়ন করতে হবে এবং পাট পঁচনের জন্য চাহিদা অনুযায়ী প্রয়োজনীয়তার নিরিখে কৃষি ভর্তুকির মাধ্যমে পাটচাষীর জমিতে অগভীর গর্ত খনন করে পলিথিন বিছিয়ে পানি সেচের মাধ্যমে পাটচাষীকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করার পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে।

আলোচনা শেষে সভাপতি মহোদয় সংশ্লিষ্ট সকলের সম্মিলিত প্রচেষ্টায় প্রকল্পের কার্যক্রমকে আরো বেগবান করার তাগিদ দেন এবং উপস্থিত সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

ড. সেলিনা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
ফোন: ০২-২২৩৩৮১৫৪৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উন্নত প্রযুক্তিনির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্প

পাট অধিদপ্তর

বস্ত্র ও পাট মন্ত্রণালয়

৯৯, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

## পি আই সি সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের হাজিরা:

সভার তারিখ : ১১ ডিসেম্বর, ২০২৩ খ্রি:

সভার সময় : সকাল ১১:০০ ঘটিকা

স্থান : পাট অধিদপ্তরের সভা কক্ষ।

| ক্র: নং | কর্মকর্তার নাম, পদবি | দপ্তরের নাম ও ঠিকানা | মোবাইল নং ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | ড. সেলিনা আক্তার<br>(অতিরিক্ত সচিব)<br>মহাপরিচালক | পাট অধিদপ্তর<br>৯৯, মতিঝিল বা/এ,<br>ঢাকা-১০০০ | ০১৫৫৪-৩২৫৮৭৬ | [signature] |
| ২. | দীপক কুমার সরকার<br>(অতিরিক্ত সচিব)<br>প্রকল্প পরিচালক | পাট অধিদপ্তর<br>৯৯, মতিঝিল বা/এ,<br>ঢাকা-১০০০ | ০১৭১১-৯৮৬৭৫৬ | [signature] |
| ৩. | সৈয়দ সারোয়ার [illegible]<br>[illegible]<br>উপ প্রকল্প পরিচালক(বি) | ঐ | 01785<br>242424 | [signature] |
| ৪. | ড. মোঃ আল-মামুন<br>প্রিন্সিপাল [illegible], প্রজনন বিভাগ<br>বিজেআরআই | বিজেআরআই<br>ঢাকা-1207 | 01711[illegible]<br>almamunbjri@gmail.com | [signature] |
| ৫. | ড. মো: রফিকুল ইসলাম<br>[illegible] (পাটবীজ) | বিএডিসি,<br>ঢাকা | 01552-492511<br>drrafiqbadc@gmail.com | [signature] |
| ৬. | মো: ওসমান আলী শেখ<br>সহকারী প্রকল্প পরিচালক(সমন্বয়) পাট অধিদপ্তর<br>পাট অধিদপ্তর, ঢাকা | | ০১৭১২০৬০৮৫৬ | [signature] |
| ৭. | কৃষ্ণ [illegible] দাস<br>উপপরিচালক<br>([illegible] উৎপাদন) | কাপাস উইং<br>কৃষি সম্প্রসারণ<br>অধিদপ্তর | ০১৭১৫৩০৮৪৫২<br>kdaeo@yahoo.com | [signature] |
| ৮. | মোঃ জামাল উদ্দিন<br>সহকারী পরিচালক ও<br>সহকারী প্রকল্প পরিচালক(অ:দা:) | পাট অধিদপ্তর | ০১৭২৫-২১৬৫৩৮<br>[illegible]@gmail.com | [signature] |
| ৯. | আকলিমা আক্তার [illegible]<br>সহকারী [illegible]<br>[illegible] | পাট অধিদপ্তর | 01715024673<br>aklema2016@gmail.com | [signature] |
| ১০. | মুহা: [illegible] আল মামুন<br>মনিটরিং এন্ড ইভা:<br>অফিসার | পাট অধিদপ্তর | 01711476125 | [signature] |